

## মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল ২০১৪

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ০৬ মে ২০১৪

### (১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: মন্ত্রিপরিষদ বিভাগ	২০৮	১৭৬	৩২
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,০৭৩	৮৯০	১৮৩
মোট	১,২৮১	১,০৬৬	২১৫

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২	৭	১৫	০৮	৩২
দুর্নীতি দমন কমিশন	-	-	৬৩	৩২	৮৭	০১	১৮৩*

\* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	০১	-	০১	০১	-	০১	১ জন উপপরিচালককে পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয় এবং ১ জনকে কোর্ট পরিদর্শক পদে নিয়োগ করা হয়।

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১	২	০৯ এপ্রিল ২০১৪ তারিখ 'Governance & Development' শীর্ষক বক্তৃতা প্রদানের জন্য বিপিএটিসি সভার, ঢাকা গমন এবং ১৫-১৬ এপ্রিল ২০১৪ মেয়াদে Global Partnership for Effective Development Cooperation-এর High Level Meeting-এ অংশগ্রহণের জন্য মেক্সিকো সফর করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	<ul style="list-style-type: none"> <li>জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯৫ শতাংশ।</li> <li>এপ্রিল ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।</li> </ul>	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জেস	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১০টি	০.২৩	০৩	০৩	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি মামলা টাকার ৪র্থ সহকারী জজ আদালতের মামলা নং-৭/২০০০-এর আওতায় বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৫টি	২৮৫.১২	-	-	২৫টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩৯টি	৯৮৫.৩৫	০৭	০৩	৩৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বৎসরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চারিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	০২
দুর্নীতি দমন কমিশন- ১১	-	-	-	-	১১	৭

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Facilitating Innovation in Public Service স্থান: প্রধানমন্ত্রীর কার্যালয়	০৯-১০ এপ্রিল ২০১৪	প্রধানমন্ত্রীর কার্যালয় (একসেস টু ইনফরমেশন প্রকল্পের ব্যবস্থাপনায়)	৩জন (১ জন যুগ্মসচিব, ১ জন উপসচিব এবং ১ জন সিনিয়র সহকারী সচিব)
	২।	বাজেট পরিপত্র-২ এবং iBAS-এ ডাটা এন্ট্রি বিষয়ে অনুষ্ঠেয় প্রশিক্ষণ স্থান: পাবলিক ফিন্যান্স ফাউন্ডেশন, সেগুনবাগিচা, ঢাকা	২২ এপ্রিল ২০১৪	অর্থ বিভাগ	৩জন (১ জন যুগ্মসচিব, ১ জন সিনিয়র সহকারী সচিব এবং ১ জন হিসাবরক্ষণ কর্মকর্তা)

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
	৩।	Seminar on System of Intellectual Property and Development of Science & Technology, Trade & Economy for Asian and European Countries ভেন্যুঃ China	২৪ এপ্রিল হতে ২১ মে ২০১৪	China	২জন (১ জন উপসচিব এবং ১ জন সিনিয়র সহকারী সচিব)
	৪।	Course on Management of Managers for Bloomberg Global Initiative to Reduce Tobacco Use ভেন্যু: কক্সবাজার	২০-২৪ এপ্রিল ২০১৪	The Union South East Asia Office	২জন (২জন সিনিয়র সহকারী সচিব)
	৫।	বাজেট পরিপত্র-২ এবং iBAS-এ ডাটা এন্ট্রি বিষয়ে অনুষ্ঠেয় প্রশিক্ষণ ভেন্যু: পাবলিক ফিন্যান্স ফাউন্ডেশন, সেগুনবাগিচা, ঢাকা	১৬ এপ্রিল ২০১৪	অর্থ বিভাগ	২ জন (১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং ১ জন সাটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)
দুর্নীতি দমন কমিশন		-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ‘Capacity Development of Cabinet Division’ শীর্ষক কর্মসূচির আওতায় গৃহীত “Training on Information Exchange Management System (IEMS)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে মন্ত্রিপরিষদ বিভাগ, বিভাগীয় কমিশনার অফিস এবং জেলা প্রশাসকের কার্যালয়ের মোট ১৫১ জন কর্মকর্তা-কর্মচারীকে ‘Fortnightly Confidential Report (FCR)’ এবং ‘Video Conferencing System (VCS)’ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোন্নয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অনুদ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অনুদ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে, কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ২ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার ০৩টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০২টি, সচিব সভা ০১টি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ০৫টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ২৬ এপ্রিল ২০১৪ তারিখ সিঙ্গাপুরের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৩) মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বুলস অব বিজনেস, ১৯৯৬-এর বুল ৩(৪)-এ প্রদত্ত ক্ষমতাবলে প্রতিমন্ত্রী জনাব এম, এ, মান্নান-কে অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্ব পুনর্বণ্টন করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০৮ এপ্রিল ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৪) ১০ এপ্রিল ২০১৪ তারিখের ৫৪ নম্বর স্মারক মূলে মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীর অনুপস্থিতিতে তাঁর পর্যায়ে নিষ্পত্তিযোগ্য বিষয়সমূহ প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে মর্মে পরিপত্র জারি করা হয়।

(৫) ২৯ এপ্রিল ২০১৪ তারিখের প্রজ্ঞাপনমূলে 'প্রাইভেটাইজেশন কমিশন ও বিনিয়োগ বোর্ড একীভূতকরণের প্রস্তাব প্রণয়ন কমিটি' গঠন করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০৮ এপ্রিল ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৬) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে ২৫ মার্চ ২০১৪ ও ০৭ এপ্রিল ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর ২টি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৭) ২০ এপ্রিল ২০১৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৩৬টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৮) জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC), বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, দেশের গুরুত্বপূর্ণ নদ-নদীর নাব্যতা এবং নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান, সুপারিশ প্রণয়ন এবং বাস্তবায়নের জন্য টাস্ক ফোর্স গঠন, সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD), পর্যটন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় পর্যটন পরিষদ, জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (NCID), জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের (NCID) নির্বাহী কমিটি, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (NCST), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST), মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি এবং এর নির্বাহী কমিটি এবং খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফ পিএম সি) গঠন করা হয়।

(৯) ২৩-২৫ জুলাই ২০১৩ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত স্বল্পমেয়াদি ১৬০টি সিদ্ধান্তের মধ্যে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট ১৩৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। বাস্তবায়নের হার ৮৫.৬৩ শতাংশ।

(১০) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩০তম সভা ০১ এপ্রিল ২০১৪ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

(১১) মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ নজরুল ইসলামের সঙ্গে ১৭ এপ্রিল ২০১৪ তারিখে কুড়িগ্রাম জেলা আইন-শৃঙ্খলা কমিটি এবং ঝালকাঠি জেলা রাজস্ব কমিটির সদস্যদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(১২) সুশাসন, প্রশাসনিক সংস্কার, আর্থ-সামাজিক উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে সার্কভুক্ত দেশসমূহের মন্ত্রিপরিষদ সচিবগণের দ্বিতীয় সভা ২৬-২৭ এপ্রিল ২০১৪ তারিখে ঢাকায় আয়োজন করা হয়।

(১৩) মাননীয় অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট তথ্য (বাংলায় ও ইংরেজিতে) ০৯ এপ্রিল ২০১৪ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(১৪) মার্চ ২০১৪ মাসে মোট ৫,৫৬০টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়, ১১,১৩৯টি মামলা দায়ের করা হয় এবং ২,২১,২৫,৬৮০ টাকা জরিমানা আদায় করা হয়। প্রতিবেদনাধীন মাসে সারাদেশে সর্বোচ্চ সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনার জন্য টাঙ্গাইল জেলা ম্যাজিস্ট্রেটকে, সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তির জন্য রাজশাহী জেলা ম্যাজিস্ট্রেটকে এবং সর্বোচ্চ পরিমাণ জরিমানা আদায়ের জন্য ঢাকা জেলা ম্যাজিস্ট্রেটকে ১৬ এপ্রিল ২০১৪ তারিখে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

(১৫) শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনে ২৫ জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনা এবং ০১ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করা হয়।

(১৬) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ৪৬ জন, নথিভুক্তির সংখ্যা ১১৫ জন, ১৩ জন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় ১০ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৭) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ প্রতিবেদনাধীন মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন ও দর্শন করেছেন। এজন্য প্রমাপ অর্জনকারী কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপনসহ প্রমাপ অর্জনের এই ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ

করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসের KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(১৮) উপজেলা পরিষদ নির্বাচন পরবর্তী সহিংসতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(১৯) গোবিন্দগঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি) জনাব অবিদ্য মার্ভিকে পরিকল্পিতভাবে হত্যার অভিযোগ সম্পর্কে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে ১৩ এপ্রিল ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র দেওয়া হয়।

(২০) জমি অধিগ্রহণ সংক্রান্ত বিভিন্ন মামলা, রিট, রিভিশন, আরবিট্রেশন ও আপিল দায়ের এবং বিভিন্ন আদালতে কাগজপত্র প্রেরণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দের বিষয়ে ২৮ এপ্রিল ২০১৪ তারিখে সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) প্রতিবেদনাধীন মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১২ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়। অভিযোগসমূহের মধ্যে ১১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং একজন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২২) ‘মন্ত্রণালয়/বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও সুশাসন বিষয়ক গবেষণা’ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গবেষণা পরিবীক্ষণ ও ব্যবস্থাপনা কমিটির ২টি সভা যথাক্রমে ০৩ এবং ২৮ এপ্রিল ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়।

(২৩) মাননীয় প্রধানমন্ত্রীর বান্দরবান জেলার কর্মকর্তাদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করা হয়। প্রতিবেদনাধীন মাসে মোট ৩টি ভিডিও কনফারেন্সিং-এ সার্বিক সহায়তা প্রদান করা হয়।

(২৪) ৫ এমবিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথ (রাউটার কনফিগারেশন) সংযুক্ত করে এ বিভাগের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ/দপ্তরে সরবরাহ করা হয়।

## গ. আগামী দুই (মে - জুন) মাসে সম্পাদিতব্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।